দৈনিক
ইত্তেফাক

তারিখ ..20 NOV 2017...
পৃষ্ঠা ...৩... কলাম ...৩...

# শিক্ষার্থীদের বই পড়ার অভ্যাস গড়ে তুলতে হবে : শিক্ষামন্ত্রী

■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন 'সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি এন্ড অ্যাকসেস এনহান্সমেন্ট প্রজেক্ট (সেকায়েপ)' এর উদ্যোগে প্রায় ১১ লাখ বই পুরস্কার হিসেবে স্কুল ও মাদরাসার ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণ করা হবে। এসব বই প্রক্রিয়াকরণ ও শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণের জন্য গতকাল রবিবার ঢাকায় বিশ্বসাহিত্য কেন্দ্র মিলনায়তনে সেকায়েপ প্রকল্পের পক্ষ থেকে বিশ্বসাহিত্য কেন্দ্রের নিকট আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়। অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ প্রধান অতিথি ছিলেন।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষার্থীদের মাঝে বই পড়ার অভ্যাস গড়ে তুলতে হবে। সেকায়েপ প্রকল্প পরিচালক ড. মোঃ মাহামুদ-উল-হকের সভাপতিত্বে অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মোঃ সোহরাব হোসাইন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ড. এস এম ওয়াহিদুজ্জামান, বিশ্বসাহিত্য কেন্দ্রের সভাপতি অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ এবং পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচির কো-টিম লিডার শরীফ মাসুদ বক্তৃতা করেন।